CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2018/TDC/ODD/BNGG–101T/066**

**TDC (CBCS) Odd Semester Exam., 2018**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGGEC–101T/
BNGDSC–101T

( বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ )

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

প্রতিটি গুচ্ছ থেকে উত্তর দেওয়া আবশ্যিক

**গুচ্ছ—১**

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?

(খ) 'চর্যাপদ'-এর পুথিটি কোথা থেকে আবিষ্কৃত হয়েছে?

(গ) 'চর্যাপদ'-এর পুথিতে সর্বমোট কয়টি পদ ছিল?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(ঘ) 'চর্যাপদ'-এর কবিরা নিজেদের নামের সঙ্গে কি উপাধি ধারণ করতেন?

(ঙ) 'চর্যাপদ' বাংলা সাহিত্যের কোন্ যুগের গ্রন্থ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) 'চর্যাপদ'-এর ভাষাকে 'সন্ধ্যাভাষা' বলা হয়েছে কেন?

(খ) 'চর্যাপদ' কে আবিষ্কার করেন? প্রকাশকালে তার নাম কি দেওয়া হয়েছিল?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'চর্যাপদ' গ্রন্থটিতে তৎকালীন সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে বর্ণনা করো।

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'চর্যাগীতি'র ঐতিহাসিক মূল্য নির্ধারণ করো।

গুচ্ছ—২

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) কবি বড়ু চণ্ডীদাস কোন্ দেবীর উপাসক ছিলেন?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থে সর্বমোট কয়টি খণ্ড আছে?





(গ) কবি বিদ্যাপতি মূলত কোন্ ভাষায় তাঁর বৈষ্ণব পদগুলি রচনা করেছিলেন?

(ঘ) কবি জ্ঞানদাসকে কোন্ কবির ভাবশিষ্য বলা হয়?

(ঙ) গোবিন্দদাসকে কোন্ রস পর্যায়ের শ্রেষ্ঠ কবি বলা হয়?

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কে, কোথা থেকে আবিষ্কার করেন?

(খ) পদাবলীর চণ্ডীদাস চৈতন্য-পূর্ববর্তী না চৈতন্য-পরবর্তী যুগের কবি? কোন্ গ্রামে তাঁর বাস ছিল বলে পণ্ডিতদের অনুমান?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটির ঐতিহাসিক গুরুত্ব উল্লেখ করে এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) কবি গোবিন্দদাসের সংক্ষিপ্ত পরিচিতি উল্লেখ করে বৈষ্ণব পদ রচনায় তাঁর দক্ষতার পরিচয় দাও।

গুচ্ছ—৩

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) বিজয়গুপ্তের 'মনসামঙ্গল'-এর পুথিটি কি নামে পরিচিত ছিল?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(খ) 'চণ্ডীমঙ্গল'-এর আদি কবি বলে পরিচিত কবির নাম কী?

(গ) 'শূন্যপুরাণ' কার লেখা?

(ঘ) কোন্ অঞ্চলে ধর্ম ঠাকুরের পূজা সমধিক প্রচলিত ছিল?

(ঙ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কোন্ শতাব্দীর কাব্য?

৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) মুকুন্দরামের 'অভয়ামঙ্গল'-এ কয়টি খণ্ড আছে? খণ্ডগুলির নাম কী কী?

(খ) সপ্তদশ শতাব্দীর দুজন জনপ্রিয় 'মনসামঙ্গল'-এর কবির নাম লেখো।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) যে কোনো দুজন 'মনসামঙ্গল' কাব্য রচয়িতার কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) "মধ্যযুগে জন্মগ্রহণ করেও জীবনদৃষ্টি ও জীবনচেতনার প্রশ্নে মুকুন্দরাম ছিলেন স্বতন্ত্র ব্যক্তিত্ব।" এই মন্তব্যের নিরিখে মুকুন্দরাম চক্রবর্তীর উৎকৃষ্ট সাহিত্য রচনার কৃতিত্ব আলোচনা করো।





গুচ্ছ—৪

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) মূল বাল্মীকি 'রামায়ণ' কয়টি কাণ্ডে বিভক্ত?

(খ) 'রামায়ণ'-এর সব থেকে প্রসিদ্ধ বাংলা অনুবাদকের নাম কী?

(গ) বাংলা 'রামায়ণ' অনুবাদের ধারায় একজন মহিলা কবি ছিলেন তাঁর নাম কী?

(ঘ) 'মহাভারত'-এর প্রথম বাংলা অনুবাদক কাকে বলা হয়?

(ঙ) কবি কাশীরাম দাস কোন্ শতকের কবি?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) কবি কৃত্তিবাস কোন্ গ্রামের অধিবাসী ছিলেন? তাঁর অনূদিত 'রামায়ণ' গ্রন্থটির নাম কী?

(খ) কবি কাশীরাম দাসের কৌলিক উপাধি কি ছিল? তিনি 'মহাভারত'-এর কয়টি পর্বের অনুবাদ করেছিলেন বলে পণ্ডিতদের অনুমান?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) কবি কৃত্তিবাস ওঝার কবি পরিচিতি ও সংক্ষিপ্ত জীবনতথ্য উল্লেখ করে অনুবাদক হিসেবে তাঁর অবদান আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(খ) 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কবি কাশীরাম দাসের অনূদিত গ্রন্থটির বৈশিষ্ট্য সম্পর্কে লেখো।

গুচ্ছ—৫

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) শাক্ত পদাবলী কোন্ শতকের রচনা?

(খ) "গিরি এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না
বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনবো না।"
উদ্ধৃত কবিতা অংশটি শাক্ত পদাবলীর কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত?

(গ) 'সাধকরঞ্জন' গ্রন্থটি কার রচিত?

(ঘ) কোন্ বিখ্যাত রোমান্টিক আখ্যান কাব্যের জন্য কবি দৌলতকাজী প্রসিদ্ধ?

(ঙ) 'পদ্মাবতী' কাব্যটি কার রচিত?

১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) শাক্ত পদাবলীর দুজন উল্লেখযোগ্য কবির নাম লেখো।

(খ) দৌলতকাজী কোন্ রাজসভার কবি ছিলেন? তাঁর রচিত অর্ধসমাপ্ত কাব্য 'সতী ময়না'র অবশিষ্ট অংশ কে রচনা করেন?





১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'আগমনী' ও 'বিজয়া' শীর্ষক পদগুলিতে বাঙালি মাতা ও কন্যার যে অসহায়তা ও হৃদয়বেদনা প্রকাশ পেয়েছে, যে কোনো একজন শাক্ত পদকারের পদ অবলম্বনে তার পরিচয় দাও।

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কবিদের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে, আলোচনা করো।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE



**TDC (CBCS) Odd Semester Exam., 2018**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGAEC-101T

**( সংযোগের রূপ, রীতি ও প্রয়োগ )**

( For Arts, Science, Commerce—Hons. and Pass Course )

*পূর্ণমান* : ৫০
*উত্তীর্ণমান* : ২০
*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) সংযোগের ইংরেজি প্রতিশব্দ 'communication' এসেছে ল্যাটিন প্রতিশব্দ communis/communas থেকে।

( শুদ্ধ উত্তরটি লেখো )

(খ) একক কথনের একটি বৈশিষ্ট্য লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(গ) বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :

*(i)* Monologue

*(ii)* Group Discussion

(ঘ) কোন্ ধরনের সাক্ষাৎকারে একসঙ্গে কয়েকজন প্রার্থীর সঙ্গে কথা বলা হয় ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) সংযোগের দুটি রূপ কী কী ?

(খ) সাক্ষাৎকারের উদ্দেশ্য কী ?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) সমবেত সংলাপে প্রার্থীকে কী কী বিষয়ে গুরুত্ব আরোপ করতে হবে, আলোচনা করো।

(খ) লেখ্য ও মৌখিক সংযোগের কয়েকটি পার্থক্য উল্লেখ করে একটি আলোচনা প্রস্তুত করো।

## UNIT—II

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) নথি সংরক্ষণের মাধ্যমকে কী বলা হয় ?

(খ) যে সমস্ত নথিপত্র প্রায়ই দৈনন্দিন প্রশাসনিক কাজে ব্যবহৃত হয় তাকে কী নথি বলা হয় ?





(গ) কোন্ ধরনের প্রতিবেদনে শিরোনাম, প্রতিবেদকের নাম ও স্থানের উল্লেখ বাঞ্ছনীয় ?

(ঘ) বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :

*(i)* Report

*(ii)* Summary

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) প্রতিবেদন বলতে কী বোঝ ?

(খ) নথি কতপ্রকার ও কী কী ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) নথিকরণের বিভিন্ন পর্যায় সম্পর্কে আলোচনা করো।

(খ) নিম্নলিখিত অনুচ্ছেদটির সারসংক্ষেপ প্রস্তুত করো :

দেশে প্রকৃত প্রস্তাবে শান্তি ও সুবিচার প্রতিষ্ঠিত করতে গেলে প্রচলিত শাসনতন্ত্রের বিরোধ ও স্বেচ্ছাচারিতার প্রতিরোধ প্রয়োজন। এরূপ প্রতিরোধের অভাবে প্রাচীন ও মধ্যযুগে শান্তি ও সুশাসন দুর্লভ ছিল। এই প্রতিরোধকে কার্যকর করতে গেলে, ধীরভাবে সংযতভাবে চালাতে গেলে, স্থায়ী করতে গেলে প্রতিরোধ যারা করবে তাদের দলবদ্ধ হওয়া চাই। দল না থাকলে বহু সুচিন্তিত বিধান বিধিবদ্ধ হতে পারত না; অতি প্রয়োজনীয় পরিবর্তনও সম্ভব হত না, স্বাধীন রাজ্যের নীতির কোনো স্বাধীনতা

CENTRAL LIBRARY N.C.COLLEGE



থাকত না—সমাজ চপলমতির ক্রীড়নক হয়ে দাঁড়াত। বিশেষত, রাষ্ট্রীয় স্বাধীনতা নির্ভর করে ইচ্ছামতো কর্ম করার শক্তির উপর। সে শক্তি অর্জন করতে হলে জনগণের মধ্যে সমবায়ের ক্ষমতা অনেক পরিমাণে থাকা চাই। নতুবা ভ্রান্ত, উন্মত্ত, অত্যাচারী স্বাধীনতার অপপ্রয়োগ করতে থাকবে, তখন বিরোধী দলের সৃষ্টি না হলে তার বিরুদ্ধে দাঁড়াবে কে?

## UNIT—III

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) 'বীরাঙ্গনা কাব্য' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(খ) 'বীরাঙ্গনা কাব্য'-এর মোট পত্রসংখ্যা কত?

(গ) "গুরুপত্নী আমি/তোমার, পুরুষরত্ন,"
গুরুপত্নীর পরিচয় কী?

(ঘ) শূর্পনখা কে ছিলেন?

৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) নীলধ্বজ কোন্ রাজ্যের রাজা ছিলেন? তাঁর পুত্রের নাম কী?

(খ) "কে তুমি, বিজন বনে ভ্রম হে একাকী।" কে, কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছেন?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) 'বীরাঙ্গনা কাব্য'-এ প্রতিফলিত 'ড্রামাটিক মনোলগ'-ধর্মিতার লক্ষণ যে কোনো একটি পঠিত কবিতা অবলম্বনে আলোচনা করো।

(খ) পত্র-কবিতা হিসাবে 'বীরাঙ্গনা কাব্য'-এর সার্থকতা আলোচনা করো।





## UNIT—IV

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) রবীন্দ্রনাথ কত খ্রিস্টাব্দে নোবেল পুরস্কার লাভ করেন?

(খ) রবীন্দ্রনাথের কোন্ কবিতায় ছোটগল্পের সংজ্ঞাটি আছে?

(গ) শৈলবালা কে?

(ঘ) ফটিকের মামার নাম কী?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) "বাবা, আমাদের তবে এবার পথে ভাসালে।" কথাটি কে, কাকে বলেছে? কীভাবে বাবা ছেলেকে পথে ভাসালেন?

(খ) "ছেলেমানুষ, উহাকে তুমি বড় বেশি পরিশ্রম করাইতেছ, উহার শরীর তেমন সবল নহে।" এখানে বক্তা কে? 'উহাকে' বলতে কাকে বোঝানো হয়েছে?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) "মা, এখন আমার ছুটি হয়েছে মা, এখন আমি বাড়ি যাচ্ছি।" এই উক্তির মধ্যে গল্পের নামকরণের প্রতি যে গূঢ় সংকেত রয়েছে তা কতদূর সার্থক হয়েছে, আলোচনা করো।

(খ) 'রামকানাইয়ের নির্বুদ্ধিতা' গল্পে সংলাপ ব্যবহারের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## UNIT—V

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) নিচের কোন্ উৎসবটি শরৎকালে উদ্‌যাপিত হয়?

*(i)* দুর্গোৎসব

*(ii)* বসন্তোৎসব

(খ) বরাক উপত্যকার প্রাণকেন্দ্রে প্রতি বৎসর অনুষ্ঠিত ঐতিহ্যবাহী মেলাটির নাম কী?

(গ) কোনো কর্তৃপক্ষের কাছ থেকে অনুমোদন আদায়ের জন্য যে প্রতিবেদন লেখা হয় তার নাম ব্যক্তিগত প্রতিবেদন/প্রাতিষ্ঠানিক প্রতিবেদন।

( শুদ্ধ উত্তরটি লেখো )

(ঘ) "গ্রন্থ পরিক্রমায় সমালোচকের দার্শনিক অন্তর্দৃষ্টি থাকা প্রয়োজন।" মন্তব্যটি সঠিক না ভুল?

১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) কৃষির সঙ্গে সংযুক্ত দুটি উৎসবের নাম লেখো।

(খ) বহিরঙ্গন ক্রীড়া (outdoor games) ও অন্তরঙ্গন ক্রীড়া (indoor games)-এর দুটি পার্থক্য উল্লেখ করো।





১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) তোমার দেখা কোনো একটি অঞ্চলের বন্যাপীড়িত মানুষের দুরবস্থা বর্ণনা করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

(খ) বর্তমান সময়ে বইমেলার প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

★★★